



প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট কর্তৃক যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ০৭ মার্চ-২০২৩' পালন

মাস্কাট, ০৭ মার্চ ২০২৩

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট এ যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে ০৭ মার্চ ২০২৩ তারিখে 'ঐতিহাসিক ০৭ মার্চ-২০২৩' পালিত হয়েছে। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম মহোদয় এর সভাপতিত্বে মাস্কাটে বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীরা উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ দিন সকালে জাতীয় সংগীত পরিবেশনার সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। বিকালে দূতাবাসের অভ্যন্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে পবিত্র কোরআন, পবিত্র ত্রিপিটক ও পবিত্র গীতা থেকে পাঠ করা হয়। পরে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করে শোনানো হয়। এরপর 'ঐতিহাসিক ০৭ মার্চ' -এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোচনা অনুষ্ঠান শুরু হয়। দিবসটির তাৎপর্য নিয়ে উন্মুক্ত আলোচনায় ওমানের নেতৃস্থানীয় ব্যক্তির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগস্ট তাঁর পরিবারের সকল শহীদদের এবং ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদ, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাদের স্মরণ করেন। তিনি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর অবিচল নেতৃত্বে বাঙালি জাতি একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশ অর্জন করেছে। এসময় তিনি ওমান প্রবাসী সকল বাংলাদেশীকে স্থানীয় আইন কানুন মেনে চলার নির্দেশনা প্রদান করেন এবং বৈধ উপায়ে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের জন্য অনুরোধ করেন। তিনি দেশের সুনাম অক্ষুন্ন রাখতে এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। অবশেষে মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম মহোদয় সকলকে দেশের সামগ্রিক কল্যাণে একত্রে কাজ করার আহ্বান জানিয়ে সভা সমাপ্ত করেন। অনুষ্ঠান শেষে আগত অতিথিদের জন্যে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

